



## বাংলাদেশে স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ

বাংলাদেশ সরকার ঐতিহাসিকভাবে অবহেলিত স্থানীয় সরকারের সর্বনিম্ন স্তর “ইউনিয়ন পরিষদ” (ইউপি)- কে শক্তিশালী করার মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থার উন্নয়নের ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। কার্যকর স্থানীয় সরকার ব্যবস্থা একটি রাষ্ট্রকে জনগণের কাছাকাছি নিয়ে যেতে পারে, রাজনৈতিক অংশগ্রহণের ক্ষেত্রে সম্প্রসারণ এবং জবাবদিহিতা নিশ্চিত করতে পারে। স্থানীয় প্রতিষ্ঠানের কাছে জনগণ যে ধরণের সেবা প্রত্যাশা করে তা নিশ্চিত করার ব্যাপারেও শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থা সাহায্য করতে পারে। সম্প্রতি অনুমোদিত স্থানীয় সরকার সহায়তা প্রকল্প (Local Governance Support Project-LGSP)-এর মাধ্যমে বিশ্বব্যাংক এক্ষেত্রে সরকারী উদ্যোগকে বৃদ্ধি করার জন্য আর্থিক সহায়তা প্রদান করবে। এই প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পরিষদগুলোকে প্রদত্ত অনুদান বৃদ্ধি ও সহজতর করা হয়েছে। এই প্রকল্পে ইউনিয়ন পরিষদকে তাদের নিজস্ব অধাধিকারের ভিত্তিতে তহবিল দেয়া, উন্নয়ন কাজে জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা, স্বচ্ছতা, নিয়মিত তথ্য প্রদান ও হিসাব নিরীক্ষার ব্যবস্থা রয়েছে। সরকার এই উদ্যোগ বাস্তবায়নের প্রস্তুতি নেয়ার ব্যাপারে সঠিক পথে এগুচ্ছে। তবে আগামী আগস্ট ২০০৭ সালে প্রথম ব্লক গ্রান্ট পাওয়ার আগে আরো অনেক কিছু করতে হবে।

এই প্রকল্প সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হওয়ার পর ২০০৬ সালের আগস্ট মাস থেকে বাংলাদেশ সরকার এই প্রকল্প বাস্তবায়নের জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করে। এই সব পদক্ষেপের মধ্যে রয়েছে রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ইউনিয়ন পরিষদগুলোকে সরাসরি তহবিল যোগান দেয়া সহ বর্তমান সরকারী পদ্ধতির পরিবর্তন, ইউনিয়ন পরিষদগুলোর হিসাবপত্রাদি বার্ষিক ভিত্তিতে অডিট করার জন্য চার্টার্ড একাউন্ট্যান্ট এবং ইউনিয়ন পরিষদগুলোর কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষক নিয়োগ প্রদান।

নির্দিষ্ট সময়সীমা অনুযায়ী ২০০৬ সালের অক্টোবর মাস থেকে এই প্রকল্পটিকে কার্যকর করার জন্য প্রস্তুতি নেয়া হয়েছে। আগামী অর্থবছরের প্রথম কোয়ার্টারে অর্থাৎ ২০০৭ সালের আগস্ট মাসে প্রকল্পের প্রথম ব্লক গ্রান্ট ইউনিয়ন পরিষদগুলোর মধ্যে অবমুক্ত করা হবে। প্রকল্পের প্রথম বছরে অর্থাৎ ২০০৭ সালের জুলাই পর্যন্ত ইউনিয়ন পরিষদগুলোর অডিটের ওপর প্রকল্পের কার্যক্রম নিবদ্ধ থাকবে এবং এর মাধ্যমে এই প্রকল্পে যোগ দিতে ইউনিয়ন পরিষদগুলোর কতটুকু সক্ষম তা নির্ধারণ করা হবে। এছাড়া ইউপি সদস্যদের এবং কর্মচারীদের মৌলিক কিছু প্রশিক্ষণ এবং এই প্রকল্পে জনগণের ভূমিকা সম্পর্কে সচেতনতা সৃষ্টির জন্য দেশব্যাপী প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হবে।

বিশ্বব্যাংকের একটি মিশন সম্প্রতি এই প্রকল্প বাস্তবায়নের পথে সম্ভাব্য প্রতিবন্ধকতাসমূহ চিহ্নিত করতে সরকারকে সহায়তা প্রদান করেছে। এই মিশন নিশ্চিত যে সরকার এই প্রকল্পের যথাযথ বাস্তবায়নের ব্যাপারে সঠিকভাবে কাজ করে যাচ্ছে। তবে এই মিশন যোগ্য ইউনিয়ন পরিষদগুলোকে ২০০৭ সালের আগস্টে বর্ধিত ব্লক গ্রান্ট অনুমোদনের আগে বেশ কিছু অসম্পাদিত কাজ সম্পন্ন করার ওপর জোর দিয়েছে।

সেপ্টেম্বর ২০০৬